প্রথম আলো

তারিখ ... 3 OCT 2017 ...
পৃষ্ঠা ... কলাম ... 2 ...

# ইউল্যাবের প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন

নানা আয়োজনের মধ্য দিয়ে গতকাল সোমবার ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাব) ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে।

এ উপলক্ষে ধানমন্ডিতে বিশ্ববিদ্যালয়টির ক্যাম্পাসে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, ইউল্যাবের ইমেরিটাস অধ্যাপক রফিকুল ইসলাম, বিশ্ববিদ্যালয়টির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য কাজী নাবিল আহমেদ।

শিক্ষামন্ত্রী বলেন, ইউল্যাব শিক্ষা ক্ষেত্রে যা অর্জন করেছে তা প্রশংসার যোগ্য। স্বল্প সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তিনি ইউল্যাব কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে থিম সং পরিবেশন করে ইউল্যাব সংস্কৃতি সংসদ। এরপর শিক্ষামন্ত্রী প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কাটেন। পরে বক্তব্য দেন. বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এইচ এম জহিরুল হক।

২০০৪ সালে বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার পর থেকে এ পর্যন্ত বিভিন্ন সময়ের ছবি নিয়ে সপ্তাহব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে শিক্ষক-কর্মকর্তা ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

বিজ্ঞপ্তি




ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাব) ১৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অতিথিদের সঙ্গে নিয়ে কেক কাটছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ● প্রথম আলো